

📖 সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ১২৬৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৮. রুকু অবস্থায় দুই হাঁটুর মাঝখানে হাত রাখা রহিত হয়েছে এবং তা উভয় হাঁটুতে রাখার নির্দেশ দেয়া হয়েছে

بَابُ ذِكْرِ نَسْخِ التَّطْيِيقِ ، وَالْأَمْرِ بِالْأَخْذِ بِالرُّكْبِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ عَبْدِ الْعَزِيزِ ، ثنا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ ، ثنا طَلْحَةُ بْنُ يَحْيَى ، عَنْ يُونُسَ ، عَنْ ابْنِ شِهَابٍ ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ ، قَالَ : إِذَا أَدْرَكَتِ الْقَوْمَ رُكُوعًا ، فَكَبَّرْ وَارْكَعْ ؛ فَإِنَّهَا تُجْزِيكَ ، وَاحِدَةً لِلتَّكْبِيرِ وَالرُّكُوعِ ، وَعَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ ، فِيمَنْ نَسِيَ التَّكْبِيرَ حِينَ افْتَتَحَ الصَّلَاةَ ، ثُمَّ كَبَّرَ لِلرُّكُوعِ ؛ أَنَّ ذَلِكَ يُجْزِيهِ

বাংলা

১২৬৩(১২). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... সাঈদ ইবনুল মুসায়্যাব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তুমি লোকজনকে (ইমামের সাথে) রুকুরত অবস্থায় পেলে তুমিও তাকবীর বলে রুকুতে চলে যাও। কেননা তাকবীরে তাহরীমা ও রুকুর জন্য তোমার একটি তাকবীরই যথেষ্ট। সাঈদ ইবনুল মুসায়্যাব (রহঃ) থেকে আরো বর্ণিত আছে, যে ব্যক্তি নামাযের শুরুতে তাকবীর তাহরীমা বলতে ভুলে গেছে সে রুকুতে যেতে তাকবীর বললে সেটাই তার জন্য যথেষ্ট হবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=81052>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন